



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়

মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

ওয়াসা ভবন (১০ম তলা), কক্ষ নং-১০০৮

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

মোবাইলঃ ০১৭০৬৩১১৪৭২, টেলিফোনঃ ০২ ৫৫১০২০০৬, পিবিএক্সঃ ৪০৭, ই-মেইলঃ mdmizanurrahman525@gmail.com

স্মারক নং ৪৬.১১৩.৪১১.০০.০০.২০২৩-৫১৯

তারিখঃ ০৭/০৬/২০২২



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

**- অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্য-বিবরণী-**

সভাপতিঃ জনাব মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

সভার তারিখ ও সময়ঃ ০১-০৬-২০২৩, সকাল- ১২.০০ টা।

সভার স্থানঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মডস জোন-৭, ঢাকা ওয়াসা, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০১/০৬/২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা-১২.০০ টায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২ ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর সভাপতিত্বে ঢাকা ওয়াসার মডস জোন-৭ এর কার্যালয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক অবহিতকরণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট এলাকার স্টেক হোল্ডারগণ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


সভার শুরুতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ মিজানুর রহমান GRS (Grievance Redress System) Software এর মাধ্যমে ঢাকা ওয়াসার পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যেকোন অভিযোগ কিভাবে দায়ের করতে হয় এবং নিষ্পত্তি হয় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং কম্পিউটারের মাধ্যমে সকলকে দেখান।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	জনাব হারুনুর রশিদ মৃধা, ৪৩২, নূরপুর, রোড-০১, দনিয়া, ঢাকা। মোবাইল-০১৬৭৭৪৮৪৮৯। নূরপুর এলাকার পানির লাইনগুলো ১৫-১৬ বছরের পুরাতন, তাই রক্ষণাবেক্ষণ করা অনেক কষ্টকর এবং অনেক সময় রক্ষণাবেক্ষণ করা সম্ভবও হয়। তাই জরুরীভিত্তিতে পুরাতন পানির লাইনগুলো পরিবর্তন করা দরকার বলে জানান।	অতিশীঘ্রই DMA (District Metered Area)-এর আওতায় মডস জোন-৭ এর এলাকায় নতুন পানির লাইন স্থাপনের কাজ শুরু হবে।
০২।	জনাব আঃ হান্নান, ৩২৪/১, দক্ষিণ যাত্রাবাড়ী, ঢাকা। মোবাইল-০১৮৮১৮৮৮৮২৪ পানি সরবরাহে সমস্যা দেখা দেয়ায় ঢাকা ওয়াসার কল সেন্টার- ১৬১৬২-তে কল করে জানানো হয়েছে। সিটি কর্পোরেশন কাজ করার সময় পানির পাইপ ফেটে গেছে। জোনের লোকজন পরিদর্শন করেছেন বলে জানান।	শুষ্ক মৌসুমে পানির চাহিদা বেশী থাকে এবং বিদ্যুৎ বিভ্রাটের কারণে কিছুটা পানি উৎপাদন ব্যাঘাত ঘটছে, অচিরেই সমাধান হবে। পানির লাইন মেরামত করার ব্যাপারে সিটি কর্পোরেশনের সাথে জরুরীভিত্তিতে যোগাযোগ করার জন্য
০৩।	জনাব শামছুল হক, কাজীবাড়ী কবরস্থান রোড, ভূইগড়, ঢাকা। মোবাইল-০১৭০৫০৯৭৯৪৭। তার এলাকায় সরবরাহকৃত পানিতে ময়লা আসে বলে অভিযোগ করেন।	ময়লা পানির উৎস খুঁজে বের করে তা লাঘবের ব্যবস্থা গ্রহণের জন্য মডস জোন-৭ এর সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হয়।
০৪।	জনাব জাহাঙ্গীর আলম, কাজীবাড়ী কবরস্থান রোড, ভূইগড়, ঢাকা। মোবাইল-০১৭৪৪২৬১১৬০ তার এলাকায় সরবরাহকৃত পানিতে ময়লা আসে বলে অভিযোগ করেন।	ময়লা পানির উৎস খুঁজে বের করে তা লাঘবের ব্যবস্থা গ্রহণের জন্য মডস জোন-৭ এর সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হয়।
০৫।	জনাব মোঃ এমদাদুল হক, বাড়ী-৩১৮, রোড-০২, ব্লক-বি, আদর্শনগর, ঢাকা। মোবাইল-০১৭৮৪৭২৩০৬৪। ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানির মধ্যে দূর্ঘন্ধ পাওয়া যায়। প্রতিকারের জন্য অনুরোধ জানান।	সরবরাহকৃত পানির দূর্ঘন্ধ লাঘবের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মডস জোন-৭ এর সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হয়।

০৬।	<p>জনাব মোঃ আতিকুর রহমান বুবেল, ৫৫, দক্ষিণ কুতুবখালী, ঢাকা। মোবাইল-০১৬৪৮৬৭৮৬৯। ১০০% বানিজ্যিক বিল প্রদান করা হচ্ছে। পূর্বে ফ্যাক্টরী ছিল, বর্তমানে ফ্যাক্টরী নাই এজন্য ১০০% আবাসিক করা দরকার। কিন্তু এখনও আবাসিক হয়নি। তার এলাকায় কিছু ময়লা পানির সমস্যাও আছে।</p>	<p>পরিদর্শন পূর্বক পানির বিলটি আবাসিক করার জন্য তৎক্ষণিক রাজস্ব জোন-৭ এর সহকারী রাজস্ব কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়।</p>

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৭/০৩/২০২৩

মোঃ মিজানুর রহমান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

মডস সার্কেল-২

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ঢাকা ওয়াসা।

স্মরণীয়ঃ

- ১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এন্ড এম), ঢাকা ওয়াসা।
- ২। প্রধান প্রকৌশলী ও আহবায়ক, এপিএ ব্যবস্থাপনা কমিটি, ঢাকা ওয়াসা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৭, ঢাকা ওয়াসা।
- ৫। প্রকৌশলী অর্পিতা সাহা, সিস্টেম এনালিস্ট, এমআইএস ও বিলিং ডিপার্টমেন্ট, ঢাকা ওয়াসা।
- ৬। পি. এ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
- ৭। অফিস কপি।